

## ৯ বছরেও মেরামত হয়নি ঝড়ে ক্ষতিগ্রস্ত স্কুল

■ মদন (নেত্রকোনা) সংবাদদাতা

উপজেলার কেশজানি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবন  
ঝড়ে ক্ষতিগ্রস্ত হওয়ার পর মেরামত না হওয়ায় লেখাপড়া  
ব্যাহত হচ্ছে। এতে শিক্ষার্থীদের মধ্যে হতাশা বিরাজ করছে।  
জানা যায়, ২০০৬ সালে কালবৈশাখী ঝড়ে বিদ্যালয়টির  
দুটি শ্রেণিকক্ষ ভেঙে পড়ে। ফলে শ্রেণিকক্ষের অভাবে দুই  
শিফটে ক্লাস করেও শিক্ষার্থীদের পাঠদান ঠিকভাবে করানো  
যাচ্ছে না। এতে দুর্ভোগে পড়ছে কোমলমতি শিক্ষার্থীরা।  
বিদ্যালয়ের ৩য় শ্রেণির এক শিক্ষার্থীরা জানায়,  
শ্রেণিকক্ষের অভাবে সকালে স্কুলে এসে বারান্দায় দাঁড়িয়ে

থাকতে হয়। ১ম শিফটের ক্লাস শেষ হলে তারা শ্রেণিকক্ষে  
প্রবেশ করে।

এ ব্যাপারে বিদ্যালয়ের প্রধান শিক্ষক দিলারা বেগম  
জানান, দুটি শ্রেণিকক্ষ ডাঙা থাকায় শিক্ষার্থীদের পাঠদানে  
খুবই সমস্যা হচ্ছে। বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি  
মোঃ রমজান মিয়া জানান, ডাঙ্গা ঘরটির ব্যাপারে সংশ্লিষ্ট  
দপ্তরে জানানো হয়েছে। দ্রুত মেরামত করা না হলে  
শিক্ষার্থীর পরিমাণ আন্তে-আন্তে কমে যাবে। উপজেলা শিক্ষা  
কর্মকর্তা মোঃ আফতাব উদ্দিন জানান, উর্ধ্বতন কর্মপক্ষকে  
অবগত করা হয়েছে। বরাদ্দ পেলেই দ্রুত সংস্কার করা হবে।